

ORCHI FISH & AGRO LTD.

Head Office : House # 36/3A, Road # 1, Block-C
Mirpur-12, Dhaka, Bangladesh.
Factory : House # 174, Sholodag, Bheramara-7040,
Kushtia, Bangladesh.



সূত্রঃ অরফিএগ্রোলি/২০২১-২০২২/এফএকিউসি/আবেদন-০১

তারিখঃ ৯ মার্চ, ২০২২ইং

বরাবর,
সচিব,
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ আন্তর্জাতিক বাজারে হিমায়িত মৎস্য পণ্য, সাদা মাছ (Ready to Cook) সরাসরি রান্নার উপযোগী (হিমায়িত) প্রক্রিয়াজাত করণ শিল্প স্থাপনের জন্য মৎস্য পণ্য (পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৮ এর ধারা-১৪(১) অনুসারে অনুমতি/অনাপত্তি প্রাপ্তির আবেদন।


জনাব,
উপরোক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ পূর্বক জানাচিহ্ন যে, আমরা কুষ্টিয়া জেলায় দীর্ঘদিন যাবত সাদা মাছ, সী-ফিস ও অন্যান্য খাদ্য শিল্পে নিয়োজিত থেকে বাস্তব অভিজ্ঞতাসমৃদ্ধ সফল ব্যবসায়ী হিসেবে অত্র এলাকার আর্থ সামাজিক উন্নয়নে নিয়োজিত রয়েছি।

বর্তমানে বিদেশী ক্রেতাদের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে আন্তর্জাতিক মান নিয়ন্ত্রণ বিধিমালা যথা **USFDA HACCP, EU Regulation, FIQC** আইন ও বিধিমালা ১০০% প্রতিপালন সাপেক্ষে বিদেশ হতে আমদানীকৃত সর্বাধুনিক মেশিনারিজের সমন্বয় ঘটিয়ে “অর্চি ফিস এন্ড এগ্রো লিঃ” নামে নিজস্ব অর্থায়নে একটি প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপনের পরিকল্পনা রয়েছে। এই কারখানাটি হবে ১০০% রপ্তানীমুখী হাই ভ্যালু এ্যাডেড পণ্য উৎপাদকারী ও রপ্তানীকারী একটি কম্পার্জিট প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানে হিমায়িত সাদা মাছ ও অন্যান্য সীফুড প্রক্রিয়াজাতকরণ চালু হলে প্রাথমিকভাবে বাৎসরিক প্রায় ৫০ কোটি টাকার পণ্য রপ্তানী করা সম্ভব হবে। পরবর্তী পর্যায়ে প্রতি বৎসর ২০% হারে রপ্তানী বৃদ্ধি পাবে। এছাড়া এই কারখানায় প্রায় ৫ (পাঁচ) শতাধিক লোকের কর্মসংস্থান ও সরকারের বিপুল পরিমাণ রাজস্ব আয় সম্ভব হবে।

দেশের আর্থ সামাজিক অবস্থা বিবেচনায় এই কারখানায় তৈরি হিমায়িত পণ্য এর পাশাপাশি ব্যাকওয়ার্ড ও ফরওয়ার্ড লিংকেজে ব্যবহৃত পণ্য যেমন কাঁচামাল, প্যাকিং সামগ্রী, নিজস্ব ব্র্যান্ড এর পণ্য দেশ বিদেশে অত্যন্ত মানসম্পন্ন ও জনপ্রিয় করার জন্য আমরা আন্তরিকভাবে সচেষ্ট থাকিব। মন্ত্রণালয় থেকে অনাপত্তি প্রাপ্তি সাপেক্ষে এই প্রতিষ্ঠানটি অতি দ্রুততার সাথে বানিজ্যিক ভাবে উৎপাদনে যাবে বলে আমরা দৃঢ় প্রতিজ্ঞ। কানাডা, মালয়েশিয়া, সিঙ্গাপুর, ইউরোপ, ইউকে, এশিয়া ও আমেরিকাসহ বিভিন্ন উন্নত দেশে প্রতিনিয়ত হিমায়িত সাদা মাছ, সী-ফিস এবং রেডি টু কুক ফুড এবং ভ্যালু এ্যাডেড পণ্যের চাহিদা ও রপ্তানী বৃদ্ধির বিষয়টি বিবেচনায় নিয়ে নতুন উদ্যোক্তাদের সমন্বয়ে এই শিল্প প্রতিষ্ঠানটি গড়ে তোলা হবে।

ORCHI FISH & AGRO LTD.

Head Office : House # 36/3A, Road # 1, Block-C
Mirpur-12, Dhaka, Bangladesh.
Factory : House # 174, Sholodag, Bheramara-7040,
Kushtia, Bangladesh.




উক্ত কারখানার আধুনিক প্রক্রিয়াজাতকরণ ব্যবস্থাপনা সম্পূর্ণ দেশি-বিদেশি সুদক্ষ টেকনিশিয়ান এবং ইন্সপেক্টর দ্বারা পরিচালিত হবে। ইতোমধ্যে আমাদের সাথে একজন উদ্যোক্তা রয়েছেন যিনি বিভিন্ন দেশে মৎস্য পন্য রপ্তানি করে আসছেন এবং উনার কাছে বিভিন্ন দেশে সাদা মাছসহ অন্যান্য মৎস্য পণ্যের রপ্তানির অর্ডার রয়েছে। আলোচ্য প্রকল্পে উৎপাদিত হিমায়িত পন্য (সাদা মাছ) রপ্তানীর উদ্দেশ্যে বিভিন্ন দেশ থেকে প্রায় ৫ মিলিয়ন ইউ,এস ডলার মূল্যের অগ্রিম রপ্তানির অর্ডার পাওয়া গিয়াছে। যার চিত্র নিম্নরূপঃ-

S.L.	Country of Export	Buyer's Name	Item
1	Netherlands	Fisherman's Choice B.V.	White Fish
2	Thailand	Handy International Co. Ltd	White Fish
3	USA	Handy Seafood Incorporated	White Fish
4	Germany	Kagerer & Co. GMBH	White Fish
5	Canada	Westeast	White Fish
6	Australia	United Carberra Brothers (UCB) PTY. Ltd.	White Fish

এখানে উল্লেখ্য যে, "অর্চি ফিশ এন্ড এগ্রো লিঃ" এর ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত পরিচালক অত্র ট্রেডার দীর্ঘ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিত্ব এবং সফল ব্যবসায়ী হিসাবে অত্র অঞ্চলে সমাদৃত এবং সুপরিচিত। সদয় অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি অত্র সাথে সংযুক্ত করা হলো।

অতএব, দেশের পশ্চিমাঞ্চলের শিল্পায়নে বর্তমান সরকারের উৎসাহ প্রদানে সাড়া দিয়ে উল্লেখিত এই প্রক্রিয়াজাতকরণ কারখানাটি স্থাপনে অনুমতি/অনাপত্তি পত্র এবং মৎস্য ও মৎস্য পন্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ দপ্তরের লাইসেন্স প্রদানের লক্ষ্যে ইতিবাচক ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,
আপনার বিশ্বস্ত


Md. Abdul Hannan
Managing Director
Orchi Fish & Agro Ltd.
Sholodag, Bheramara, Kushtia.
(মোঃ আব্দুল হান্নান)

ব্যবস্থাপনা পরিচালক

সংযুক্তিঃ অত্র কোম্পানীর অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি।